গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

২০২১-২০২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এর অন্তর্ভুক্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অংশীজন সভা'র কার্যবিবরণী :

সভাপতি : এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৩ জুন ২০২২
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন, ঢাকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি সরকার এবং জনগণের পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সড়ক পথে শৃঙ্খলা বজায় রাখা সম্ভব উল্লেখ করে সড়ক যোগাযোগ ব্যবস্থাকে আরো স্বাচ্ছন্দ্যময়, গতিশীল ও নিরাপদ করার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় এই অংশীজন সভা আয়োজন করা হয়েছে মর্মে অবহিত করেন। সড়ক পরিবহন ব্যবস্থায় বর্তমানে বিদ্যমান সমস্যাসমূহ সমাধানপূর্বক এ সংক্রান্ত সকল সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বদ্ধপরিকর। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মুহাম্মদ আব্দুর রহিম সুজন এ বিভাগের NIS কার্যক্রম সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। অতঃপর তিনি বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

১.২ অতঃপর উন্মুক্ত আলোচনা পর্বে সভাপতি কর্তৃক উপস্থিত সকল অংশীজনকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে পরামর্শ, অভিযোগ, অনুযোগ ও ব্যক্তিগত অভিজ্ঞতা সভায় উপস্থাপন করার জন্য আহ্বান জানানো হয় :

২.১ জনাব ওসমান আলী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন বলেন, গাজীপুর জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ মহাসড়কের পাশে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক নিয়মিতভাবে বর্জ্য ফেলা হয় ফলে সড়কে যান চলাচল ব্যাহত হয় এবং জনজীবনে দুর্ভোগের সৃষ্টি হয়। উপরন্তু বিভিন্ন সময়ে এ সকল ময়লার কারণে বিভিন্ন স্পটে দুর্ঘটনা ঘটার নজিরও রয়েছে। এ সমস্যা সমাধানে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে তিনি সভায় গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি গুরুত্বপূর্ণ জাতীয় মহাসড়কের পার্শ্বে ৪টি স্থানে চালকদের জন্য বিশ্রামাগার নির্মাণ করার জন্য সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন মহানগরীর যাত্রাবাড়িতে একটি ট্রাক টার্মিনাল নির্মাণ করার কথা থাকলেও এখানো পর্যন্ত এ বিষয়ে কোন অগ্রগতি লক্ষ্য করা যায়নি। তিনি আরো বলেন, সারাদেশে বিভিন্ন ধরণের অবৈধ হিউম্যান হলার মহাসড়কে চলাচল করে; এগুলো একদিকে যেমন আইন অমান্য করছে তেমনি দুর্ঘটনার কারণ হিসেবে সামনে চলে আসছে। এগুলো বন্ধ করা প্রয়োজন। আসন্ন ঈদ যাত্রা নির্বিঘ্ন করার জন্য তিনি (১) টঙ্গী হতে গাজীপুর চৌরাস্তা পর্যন্ত মহাসড়কে কোন ধীরগতির যানবাহন চালনার সুযোগ না রাখা; (২) চন্দ্রা-নবীনগর রাস্তায় দীর্ঘ সময় বাস দাঁড় করিয়ে রাখা রহিত করা; (৩) নসিমন, করিমন, ভটভটি যাত্রী ওঠা-নামার স্পটগুলোতে বায়ের লেনে প্রবেশাধিকার রোধ করা এবং (৪) সাভারের হেমায়েতপুরে কাঁচা বাজার রাস্তার উপর থেকে অপসারণ করার জন্য পরামর্শ প্রদান করেন।

২.১.১ এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর বলেন গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার যেসব স্থানে ময়লা/বর্জ্য ফেলা হয় সেসকল স্থানগুলোতে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এ সকল ক্যামেরার মাধ্যমে সড়কের পাশে ময়লা ফেলার বিষয়টি পর্যবেক্ষণ করা হচ্ছে। সিসি ক্যামেরার ভিডিও ফুটেজের মাধ্যমে সড়কের পাশে ময়লা ফেলার জন্য কয়েকজনকে চিহ্নিত করা হয়েছে। দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। ভবিষ্যতে এ কার্যক্রম আরো জোরদার করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

২.১.২ রাস্তার পাশে ময়লা ফেলার জন্য দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট স্থানগুলোতে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে মহাসড়কের পাশে ময়লা না ফেলার জন্য মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করতে বলেন।

২.২ জনাব হোসেন আহম্মদ মজুমদার, সহ-সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি বলেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সন্নিহিত এলাকায় ৩৫টি বাজারের বিপরীতে ২৭টি ফুটওভার ব্রীজ আছে। সাধারণ পথচারীদের মধ্যে এ সকল ওভারব্রীজ ব্যবহার করার প্রবণতা কম থাকায় বেশিরভাগ পথচারীই সাধারণত সরাসরি রাস্তা পার হয়। এছাড়াও মহাসড়কের ডিভাইডারের মধ্যে ফাঁকা স্থান দিয়ে প্রায়ই ছোট ছোট যানবাহন রাস্তা অতিক্রম করে। এ সকল কারণে প্রায়শই দুর্ঘটনা ঘটে থাকে।

২.২.১ মহাসড়কের পাশে অবৈধ বাজার অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশকে পত্র প্রেরণ করার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে জনসচেতনতা বৃদ্ধি করে ঈদের সময় মহাসড়কের শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় বাজার সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণে জেলা প্রশাসনের সভাপতিত্বে সভা আয়োজন করার জন্য জেলা প্রশাসক (সকল) বরাবর পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২.৩ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বলেন, ঢাকা শহরে সওজ এর সড়কের জায়গা কমে যাচ্ছে। রাস্তা তৈরীর যন্ত্রপাতি, নির্মাণ সামগ্রী রাখার জন্য জায়গার দরকার। ট্রাক টার্মিনাল থাকা প্রয়োজন। এ সকল সমস্যাগুলো সমাধানে সংশ্লিষ্ট সকলকে নিয়ে আলোচনা করলে সমাধানের পথ বের করা সম্ভব।

২.৪ জনাব ফরিদা ইয়াসমিন, সভাপতি, জাতীয় প্রেসক্লাব বলেন, মহানগরী ঢাকার গুরুত্বপূর্ণ সড়কগুলোতে দেখা যায় যত্রতত্র গাড়ি পার্কিং বন্ধ করা যাচ্ছেনা। অনেক রাস্তায় সিসি ক্যামেরা আছে। এগুলো পর্যবেক্ষণ করে অবৈধ পার্কিং করা যানবাহন মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া যেতে পারে।

২.৪.১ সভাপতি কর্তৃক অবৈধ পার্কিং এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য অতিরিক্ত পুলিশ কমিশনার, ট্রাফিক বিভাগ, ডিএমপিকে অনুরোধ জানানো হয়।

২.৫ মেজর মোঃ জিয়াউল আহসান সরোয়ার (অবঃ), সিনিয়র নির্বাহী পরিচালক, সিএনএস লিঃ বলেন, মহাসড়ক ও টোল প্লাজাগুলোতে যানজট কমানোর লক্ষ্যে ঈদের আগে ৪দিন এবং পরে ২দিন পশু বহনকারী ট্রাকগুলো ব্যতীত অন্যান্য ট্রাক চলাচল বন্ধ রাখার সুপারিশ করেন। মহাসড়কের যে জায়গাগুলোতে যানজট সৃষ্টি হচ্ছে সে জায়গাগুলোতে ট্রাফিক পুলিশ কর্তৃক গাড়ীগুলোকে প্যাকেজ ভিত্তিক সিগনালের আওতায় পরিচালনা করলে যানজট কিছুটা কমবে। এছাড়া টোলের চাঁদার হার রাউন্ড ফিগারে করা হলে টোল প্লাজাগুলো সময় বাঁচিয়ে দ্রুত গাড়ী পার করা সম্ভব হবে।

২.৬ জনাব মোঃ আব্বাস উদ্দিন, সভাপতি, ঢাকা জেলা যানবাহন শ্রমিক ইউনিয়ন, গাবতলী, ঢাকা বলেন, বিআরটিএ হতে লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নতুন সংযোজিত ডোপটেস্টের জন্য চালকদের বিড়ম্বনায় পড়তে হচ্ছে। চালকদের এ বিড়ম্বনা হতে মুক্তি দিতে হবে।

২.৬.১ এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিএ বলেন, কিছুদিন পূর্ব পর্যন্ত এ বিষয়ে সমস্যা ছিল। বর্তমানে সরকারি এবং বেসরকারি অনেক হাসপাতালে ডোপটেস্টের সুযোগ সৃষ্টি করা হয়েছে। খুব শীঘ্রই সমস্যার সমাধান হবে।

২.৭ জনাব মোঃ মোজাম্মেল হক চৌধুরী, মহাসচিব, বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি বলেন, পেশাদার চালকদের লাইসেন্স নবায়নের আবেদনগুলোর বিপরীতে দীর্ঘদিন পেন্ডিং থাকা কার্ডগুলো এখন সরবরাহ করা শুরু হলেও মেয়াদোত্তীর্ণ কার্ড সরবরাহ করা হচ্ছে। এ সমস্যার সমাধান করা দরকার। পদ্মা সেতু উদ্বোধনের লক্ষ্যে ১৩টি রুটে বাসের ভাড়া পুনর্নির্ধারণ করা হয়েছে। পত্রিকার বরাত দিয়ে তিনি বলেন রাস্তার দূরত্ব কমলেও ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে অধিকতর পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন রয়েছে। বিআরটিএ কর্তৃক বিভিন্ন রুটের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে অংশীজন হিসেবে যাত্রী কল্যাণ সমিতির মতামত/সুপারিশ প্রদানের সুযোগ রাখার জন্য অনুরোধ করেন।

২.৭.১ চেয়ারম্যান, বিআরটিএ বলেন, সরবরাহকৃত লাইসেন্সগুলোর মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে সরকারী ফি জমা প্রদান করে পুনঃনবায়ন আবেদন করা হলে তা দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া কোন রুটে দূরত্ব কমার বিষয়টি বিআরটিএ'র জানা নাই তাই কোন রুটে বাস ভাড়া কমানোর সুযোগ নাই। পদ্মা সেতু উদ্বোধনের ফলে সেতু পারাপারে টোল পরিশোধের বিষয়টি বিবেচনায় নুন্যতম হারে ১৩টি রুটের বাস ভাড়া বৃদ্ধি করা হয়েছে।

২.৮ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পুলিশ সুপার (প্রশাঃ), হাইওয়ে পুলিশ বলেন, আসন্ন ঈদুল আযহার ঘরমুখো মানুষের ও কুরবানীর পশুর পরিবহন নির্বিঘ্ন করার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। নলকা ব্রীজসহ বেশ কয়েকটি ফ্লাইওভার ব্রীজ উদ্বোধন করায় ঈদ-উল-ফিতরে জনদুর্ভোগ সৃষ্টি হয়নি। সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে আমাদের কাজের সমন্বয়ের জন্য গত ঈদযাত্রা নির্বিঘ্ন ছিল। সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে যতাযথ সমন্বয় করে আসন্ন ঈদযাত্রা আরো স্বাচ্ছন্দ্যময় করতে আমরা কাজ করছি।

২.৮.১ সভাপতি কর্তৃক উল্লেখ করা হয়, কোরবানীর পশু পরিবহনের যানবাহনের চলাচলের ফলে গত ঈদের তুলনায় এবারের ঈদে বেশি গাড়ি রাস্তায় চলাচল করবে। পদ্মা সেতু উদ্বোধনের ফলে দক্ষিণাঞ্চলমুখী গাড়ী কোথাও যানজটের কারণে থেমে থাকবেনা। মহাসড়কগুলোতে দুর্ঘটনা যেন না হয় সে বিষয়ে হাইওয়ে পুলিশকে আরো বেশী সতর্ক থাকতে হবে। গাড়ীর গতি যেন ঠিক থাকে সে বিষয়েও দৃষ্টি রাখতে হবে। টোল প্লাজায় যেন যানজট না হয় সে বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর পুলিশ ও টোল অপারেটরদের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.৯ জনাব ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই বলেন, Road Safety'র বিষয়ে বিক্ষিপ্ত আলোচনা করে খুব বেশি সুফল আনয়ন করা সম্ভব হবে না। প্রত্যেককে স্ব স্ব অবস্থান হতে দায়িত্ব গ্রহণ করতে হবে। রাস্তায় চলাচলকারী একজন যাত্রী কখনো ট্রেনিং প্রাপ্ত নয়। কিন্তু যানবাহন চালনার সাথে যুক্ত চালকগণ প্রত্যেকেই প্রশিক্ষণ গ্রহণ করে লাইসেন্স প্রাপ্ত হন। সুতরাং চালকদের আরো দায়িত্বশীলতার সাথে গাড়ী চালাতে হবে। একইসাথে সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সকল পক্ষ হতে গঠনমূলক আলোচনা, সিদ্ধান্তগ্রহণ ও দৃঢ় বাস্তবায়ন আবশ্যক।

২.১১ জনাব এ কে এম মোশাররফ হোসেন মিয়াজী, অতিরিক্ত ডিআইজি (ট্রাফিক ম্যানেজমেন্ট), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বলেন, ঢাকা শহরে প্রতিদিন ৫৫০টি নতুন গাড়ী যুক্ত হচ্ছে। সারাদেশে প্রতিদিন ১৫০০ গাড়ী যুক্ত হচ্ছে। যানজট নিরসনে গাড়ীর সংখ্যা নির্দিষ্ট করা দরকার। ঈদের সময় গরুর ট্রাকের জন্য টোলপ্লাজায় আলাদা লেনের ব্যবস্থা করার বিষয়টি পরীক্ষা করে দেখা যেতে পারে। এছাড়া ফেরিঘাটগুলোতে ঈদ যাত্রা নির্বিঘ্ন করতে বিশেষ ফেরি চালনা করা প্রয়োজন।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | রাস্তার পাশে ময়লা ফেলার জন্য দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট স্থানগুলোতে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। একই সাথে মহাসড়কের পাশে ময়লা না ফেলার জন্য মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| (২) | মহাসড়কের পাশে অবৈধ বাজার অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশকে পত্র প্রেরণ করতে হবে। একই সাথে জনসচেতনতা বৃদ্ধি করে ঈদের সময় মহাসড়কের শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় বাজার সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণে জেলা প্রশাসনের সভাপতিত্বে সভা আয়োজন করার জন্য জেলা প্রশাসক (সকল) বরাবর পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব, এস্টেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| (৩) | অবৈধ পার্কিং এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য অতিরিক্ত পুলিশ কমিশনার, ট্রাফিক বিভাগ, ডিএমপিকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৪) | টোল প্লাজায় যেন যানজট না হয় সে বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরকে পুলিশ ও টোল অপারেটরদের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| (৫) | আসন্ন ঈদুল আযহায় ঘরমুখী মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে বিশেষত ঢাকা-গাজীপুর, ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-চট্টগ্রামসহ অন্যান্য সকল মহাসড়কে অবৈধ যানবাহন চলাচল বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৬) | গাড়ী চালকদের ডোপ টেস্ট যথাসময়ে সম্পন্ন করতে হবে। কোন গাড়ী চালককে ফিরিয়ে দেওয়া যাবেনা। ডোপটেস্টের জন্য সংশ্লিষ্ট হাসপাতালে নির্ধারিত কাউন্টার রাখার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ বরাবর অনুরোধ পত্র প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৭) | গাড়ী চালকদের পেন্ডিং লাইসেন্সগুলো দ্রুত সরবরাহের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৮) | আসন্ন ঈদুল আযহায় পশু বহনকারী গাড়ী চলাচল নির্বিঘ্ন করতে হবে। সড়কের উপর কুরবানী পশুর হাট বসানো যাবেনা। এজন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করতে হবে। | অতিরিক্ত সচিব, এস্টেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| (৯) | ঈদুল আযহায় ঈদযাত্রা যানজটমুক্ত রাখার জন্য সড়কের প্রয়োজনীয় মেরামত ও পটহোলস্ সংস্কার দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| (১০) | পদ্মা সেতু উদ্বোধনের সাথে সংশ্লিষ্ট সড়কে চলাচলকারী বাস এর যাত্রী ভাড়া নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |

স্বাক্ষরিত/-
২৩.৬.২০২২
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০২৫.২০-৯১ তারিখ : ০৯ আষাঢ়, ১৪২৯ / ২৩ জুন, ২০২২

বিতরণ 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী ঢাকা
১০. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. পুলিশ কমিশনার, ডিএমপি, ডিএমপি হেডকোয়ার্টার্স, মিন্টু রোড, রমনা, ঢাকা
১৫. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা
১৭. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
১৯. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, হাইওয়ে পুলিশ, হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
২০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
২১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
২২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান-২, ঢাকা
২৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ নগর ভবন, ঢাকা
২৪. যুগ্মসচিব (প্রশাসন/এস্টেট/ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৫. প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (এমআরটি লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
২৬. প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর), বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা
২৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৮. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৯. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩০. শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর/ডিএমটিসিএল/বিআরটিএ/ডিটিসিএ/বিআরটিসি/ঢাকা বিআরটি
৩১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. পরিচালক, এ্যাক্সিডেন্ট রিসার্স ইন্সটিটিউট (এআরআই), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
৩৩. উপ-মহাব্যবস্থাপক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩৪. উপ-মহাব্যবস্থাপক (বার্তা), বাংলাদেশ বেতার, শের-ই-বাংলানগর, ঢাকা
৩৫. সভাপতি, জাতীয় প্রেসক্লাব, তোপখানা রোড, ঢাকা
৩৬. সাধারণ সম্পাদক, জাতীয় প্রেসক্লাব, তোপখানা রোড ঢাকা
৩৭. সভাপতি, ঢাকা রিপোর্টার্স ইউনিটি, সেগুন বাগিচা রোড, ঢাকা
৩৮. সাধারণ সম্পাদক, ঢাকা রিপোর্টার্স ইউনিটি, সেগুন বাগিচা রোড, ঢাকা
৩৯. জনাব ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই, ৭০, কাকরাইল, ঢাকা-১০০০
৪০. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪১. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪২. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, সড়ক ভবন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
৪৩. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা
৪৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি, তেজগাঁও, ঢাকা

৪৬. সভাপতি/সাধারণ সম্পাদক, গাবতলী/মহাখালী/সায়েদাবাদ বাস টার্মিনাল সড়ক পরিবহন মালিক সমিতি, ঢাকা
৪৭. চেয়ারম্যান/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক বাগবাড়ি, গাবতলী, ঢাকা
৪৮. মহাসচিব, বাংলাদেশ কাভার্ডভ্যান-ট্রাক-প্রাইমমুভার পণ্যপরিবহন মালিক এসোসিয়েশন, তেজাগাঁও, ঢাকা
৪৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা জেলা যানবাহন শ্রমিক ইউনিয়ন রেজি. নং ২৪১৫, মহাখালী
৫০. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা মহানগর সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন রেজি. নং ২১৯৫, সায়েদাবাদ
৫১. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা জেলা, সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন রেজি. নং ৪৯৪, ৪৭ টয়নবী সার্কুলার রোড, ঢাকা
৫২. মহাসচিব, বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি, গুলিস্তান শপিং কমপ্লেক্স, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা

২৬.০৬.২০২২

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd